

ইনোভেশন টীম প্রাণিসম্পদ অধিদপ্তরের জুলাই/২০২০ মাসের সভার কার্যবিবরণী-

অদ্য ২৫.০৮.২০২০ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টীমের মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন প্রাণিসম্পদ অধিদপ্তরের পরিচালক প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন ও ইনোভেশন অফিসার জনাব ডা. শেখ আজিজুর রহমান। সভার শুরুতে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি এজেন্ডা অনুযায়ী আলোচনার জন্য সকলের প্রতি আহ্বান জানান। সভায় উপস্থিত সদস্যদের তালিকা পরিশিষ্ট-ক তে প্রদান করা হলো।

২০১৯-২০২০ অর্থ বৎসরের মূল্যায়ন

বিশ্বমহামারী করোনা প্রাদুর্ভাবের কারণে ন্যূনতন কোন ইউনিয়ন প্রাণিসম্পদ সেবাকেন্দ্র খোলা সম্ভব হয় নাই। স্বপ্ন ছোঁয়ার সিঁড়িও বাস্তবায়ন করা সম্ভব হয় নাই। তবে ইতোপূর্বে বাস্তবায়িত ৮০টি কেন্দ্রের কার্যক্রম চলমান আছে।

প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা

করোনার প্রাদুর্ভাবের কারণে প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করা সম্ভব হয় নাই। তবে ইনোভেশন টীমের সভা ও নলেজ শেয়ারিং কার্যক্রম যথারীতি সম্পন্ন হয়েছে।

এস এম এস সার্ভিস

প্রাণিসম্পদ অধিদপ্তরের এস এম এস সার্ভিস আংশিক চলমান আছে। কারিগরী ত্রুটি সংশোধন করা গেলে সম্পূর্ণরূপে কার্যক্রম চালানো সম্ভব হবে। ত্রুটি সংশোধন কার্যক্রম চলমান আছে।

ই-ভেট সার্ভিস

প্রাণিসম্পদ অধিদপ্তরের ই-ভেট সার্ভিস পাইলটিং সমাপ্ত হয়েছে। ই-ভেট কার্যক্রমের মূল্যায়ন সভা প্রক্রিয়াধীন আছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদন সাপেক্ষে মূল্যায়ন সভা সে কোন সময় আহ্বান করা যেতে পারে।


পরিদর্শন ও নলেজ শেয়ারিং

নারায়নগঞ্জ জেলার সোনারগাঁও উপজেলা, ময়মনসিংহের সদর ও ফুলপুর উপজেলা, মানিকগঞ্জের সিংগাইর ও হরিরামপুর উপজেলা, কক্সবাজারের মহেশখালী উপজেলার ইউনিয়ন সেবাকেন্দ্র পরিদর্শন করা হয়েছে। খাগড়াছড়ি জেলার সদর, মাটিরাংগা, মানিকছড়ি, রামগড়, ও গুইমারা উপজেলা পরিদর্শন করা হয়েছে। নলেজ শেয়ারিং কার্যক্রম সম্পন্ন করা হয়েছে।

প্রাণিসম্পদ অধিদপ্তরের এস আই পি

প্রাণিসম্পদ অধিদপ্তরের এস আই পি কার্যক্রমের আওতায় ডিজিটাল হাজিরা স্থাপন করা হয়েছে। নলেজ সেন্টার স্থাপন করা হয়েছে। কনফারেন্স কক্ষের সাউন্ড সিস্টেম স্থাপন করা হয়েছে। আধুনিক কক্ষ ব্যবস্থাপনা ও পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রম চলমান আছে।

২০২০-২০২১ অর্থবৎসরের ইনোভেশন কার্যক্রম যথাযথভাবে ও যথাসময়ে বাস্তবায়নের নির্দেশনা প্রদান করে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(ডা.শেখ আজিজুর রহমান)

পরিচালক প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন ও

ইনোভেশন অফিসার

প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।

স্মারক নং- ৩৩.০১.০০১.০২.০০.০০০.২০২০. ৪২৪

তাং-২৫.০৮.২০২০

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে

- ১। উপপরিচালক প্রশাসন, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
- ২। ডা. মলয় কুমার শুর, সহকারী পরিচালক লীভ/রিজার্ভ পদ, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
- ৩। ডা. মোঃ রফিকুল ইসলাম, ফোকাল পয়েন্ট ও ইউএলও, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
- ৪। ড. এবিএম মুস্তানুর রহমান, উপপ্রকল্প পরিচালক, এলডিডিপি প্রকল্প, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে

- ১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর।
- ২। জনাব তৌফিকুল আরিফ, যুগ্মসচিব(ক্ল-ইকোনমি) ও চীফ ইনোভেশন অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
- ৩। আইসিটি শাখা, প্রাণিসম্পদ অধিদপ্তর(ওয়েবসাইটে প্রেরণের জন্য)।
- ৪। দপ্তর কপি।